# খালেদা জিয়ার মৃত্যুতে প্রধান উপদেষ্টার পক্ষ থেকে আনুষ্ঠানিক শোকবার্তা



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মৃত্যুতে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস গভীর শোক প্রকাশ করেছেন। তার পক্ষ থেকে পাঠানো শোক ও সমবেদনার বার্তাটি বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের হাতে আনুষ্ঠানিকভাবে তুলে দেওয়া হয়েছে।

সোমবার (৫ জানুয়ারি) গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে প্রধান উপদেষ্টার একান্ত সচিব সজীব এম খায়রুল ইসলাম গিয়ে এই শোকবার্তা হস্তান্তর করেন। বার্তায় প্রফেসর মুহাম্মদ ইউনূস খালেদা জিয়ার মৃত্যুতে দেশ এক অভিজ্ঞ ও প্রভাবশালী রাজনৈতিক ব্যক্তিত্বকে হারাল বলে উল্লেখ করেন। তিনি মরহুমার আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকাহত পরিবার, স্বজনদের পাশাপাশি বিএনপির নেতাকর্মী ও সমর্থকদের প্রতি আন্তরিক সমবেদনা জানান।

LENS ASIA